

আমাদেরময়

প্রাইভেট ভার্সিটিকে গবেষণায়ও গুরুত্ব দিতে হবে

নিজস্ব প্রতিবেদক

৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৫ জানুয়ারি ২০২১ ২৩:১৫



আমাদেরময়

পাবলিক ইউনিভার্সিটির পাশাপাশি প্রাইভেট ইউনিভার্সিটিগুলোকে গবেষণা কাজে অধিকতর গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল মঙ্গলবার সকালে এশিয়ান ইউনিভার্সিটির রজতজয়ন্তী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে যুক্ত হন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইমেরিটাস অধ্যাপক ড. আবুল হাসান মো. সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক মেহের আফরোজ চুমকি ও বিশ্ববিদ্যালয়ের

ট্রাস্ট বোর্ডের চেয়ারম্যান ড. জাফর সাদেক।

চাকরি করার মানসিকতা ত্যাগ করে চাকরি দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে উল্লেখ করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, তরঁণদের উদ্যোগ্তা হয়ে ওঠার জন্য সরকার নানামুখী সুযোগ উন্মুক্ত করে রেখেছে। তিনি তারঁণ্যের অমিত শক্তি ও সন্তোষবনাকে চাকরির চৌহদিতে বন্দি না করে স্বাধীন পেশা বেছে নেওয়ারও আহ্বান জানান।

ওবায়দুল কাদের বলেন, তরঁণরাই আগামী দিনের বাংলাদেশ। তরঁণরাই বাস্তবায়ন করবে স্বাধীনতার স্বপ্ন। তাদের হাত ধরেই অক্ষিত হবে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের পথনকশা। জীবন মানে যুদ্ধ, যে জীবনে যুদ্ধ নেই, চ্যালেঞ্জ নেই, সে জীবন তো জীবন নয় উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, চলার পথে নানা বাধা আসবে, গতি হারাবে বড়ে কিন্তু এই সাময়িক ছন্দপতনে থেমে গেলে চলবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন অদম্য প্রাণশক্তি দিয়ে। তিনি জয় করেছেন বাংলাদেশের সমান সুনীল সমুদ্র সীমা। সন্তোষবনার দ্বার উন্মুক্ত করেছেন বু-ইকোনমির।

ওবায়দুল কাদের বলেন, বিশ্বব্যাংকের অপবাদের বিপরীতে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের সাহসী সিদ্ধান্ত নিয়ে প্রমাণ করেছেন বাঙালি বীরের জাতি। একসময়ের তলাবিহীন বুড়ির বাংলাদেশ আজ বিশ্বের বিস্ময় উল্লেখ করে সেতুমন্ত্রী বলেন, মাছে-ভাতে বাঙালির পরিচয় আবার বিশ্ব মাঝে তুলে ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দক্ষ ও যোগ্য নেতৃত্বে।

আজকের প্রজন্ম মাদক, সাইবার অপরাধ, আকাশ সংস্কৃতির নেতৃত্বাচক দিকসহ নানা চ্যালেঞ্জের মধ্য দিয়ে বেড়ে উঠছে। ওবায়দুল কাদের তাদের এসব অপরাধ থেকে দূরে থাকারও নির্দেশ দেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক
আমাদের শম্ভু

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)